দৈনিক ইনকিলাব

১৪/৬/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ......

# খুঃবিঃতে শিক্ষক নিয়োগে দলীয়করণের চেষ্টা ব্যর্থ

খুলনা ব্যুরো ॥ আওয়ামী সরকারের শেষলগ্নে আওয়ামী লীগ কর্তৃক রাজনৈতিকভাবে নিয়োজিত খুলনা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাগণ খুলনা বিশ্ববিদ্যালয়ে দলীয়করণ প্রশাসন বানানোর সুযোগ গ্রহণ করে শাসন মেয়াদের আগেই কর্মকর্তা-কর্মচারী নিয়োগের পরীক্ষা অনুষ্ঠিত করার চেষ্টা করে ব্যর্থ হন।

বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষক কল্যাণ সমিতির চাপের মুখে নিয়োগ পরীক্ষা বন্ধ রাখতে বাধ্য হয়েছে। কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেয় ও পুলিশ মোতায়েন করেছে। এ ঘটনায় খুলনা বিশ্ববিদ্যালয়ে চরম উত্তেজনা বিরাজ করছে। ভিসি ঢাকায় অবস্থান করছেন।

গতকাল বিশ্ববিদ্যালয়ে নিয়োগ প্রার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এর আগে ১০ জুন আরও এক গ্রুপের পরীক্ষা ছিল, তাও শিক্ষকদের চাপের মুখে বন্ধ করতে বাধ্য হয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এই নিয়ে দু'দুবার চেষ্টা করেও লোক নিয়োগ করতে ব্যর্থ হল খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

শিক্ষকগণ ইনকিলাবকে জানায়, সেটআপে বছরওয়ারী যে লোক নিয়োগের জন্য পদ বরাদ্দ আছে তা আগামী ২০০২ সালের লোকও এই সময়ে এই আওয়ামী সমর্থিত প্রশাসন পূর্ণ করতে চায় এই সরকারের মেয়াদের মধ্যে। যা নিয়মবহির্ভূত এবং প্রশাসনকে আওয়ামী দলীয়করণের শামিল। তাঁরা জানান, প্রশাসনের অর্থের কোন সমাধান না করেই নিয়োগ আইন সঙ্গত নয়। এদিকে খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রেজিস্ট্রারের বরাদ দিয়ে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, সকল নিয়োগ পরীক্ষা আগামী ২৪ জন পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়েছে। নিয়োগ পরীক্ষা স্থগিত ঘোষণা করায় বিশ্ববিদ্যালয় অভ্যন্তরে ব্যাপক হৈ-চৈ করায় প্রশাসন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ডেকে আনে। এদিকে কর্মবিরতিরত ধর্মঘটী শিক্ষকরা জানান, কোনভাবেই তারা এই নিয়োগ হতে দেবেন না।